

# Renaissance Part-3

# King James I (1603-1625)



# The Jacobean Period



**1603- 1625**



Named after King James



Latin Jacobus = James  
(Jacobean)

## এ যুগের কিছু গুরুত্বপূর্ণ তথ্য:

- এ যুগে Metaphysical Poet ও Cavalier Poet - দের আবির্ভাব ঘটে।
- স্কটল্যান্ড ইংল্যান্ডের রাজার শাসনাধীনে চলে যায়।
- ব্রিটিশ কলোনিয়ালিজম শুরু হয় অর্থাৎ ব্রিটেন গ্রেট ব্রিটেন নামে আখ্যা পায়।
- Non-Dramatic Poetry এ যুগে জনপ্রিয় হয়ে ওঠে। >
- এযুগে প্রোটেস্ট্যান্টরা তিনটি ধর্মীয় সম্প্রদায়ে বিভক্ত হয়ে যায়। এগুলো হলো- এ্যাংলিকান, প্রেসবাইটেরিয়ান এবং পিউরিটান ।

John Donne

---

Father of metaphysical poets

---

Poets of love

---

Poet of Religion



# John Donne Famous Poem

---

- The Good Morrow
- A Valediction Forbidding Mourning
- The Canonization
- The Sun Rising
- For Whom The Bell Tolls
- The Twicknam Garden

# The Sun Rising



John  
Donne

## ‘The Sun Rising’ কবিতার সারমর্ম

- কবি জন ডান তার প্রেমের কবিতা 'The Sun Rising' এ শ্বশত এবং খণ্ডিত প্রেম গাঁথার কথা বলতে গিয়ে সূর্যের প্রতি নানা অভিযোগ উত্থাপন করেছেন। তিনি কবিতায় সূর্যকে ব্যস্ত বৃদ্ধ বোকা, বড়ই বেয়ারা আর দুরন্ত স্বভাবের বলে চরিত্রায়ন ( Personify) করেছেন। কবির ভাষায়
- Busy old fool, unruly sun, (ব্যস্ত বৃদ্ধ বোকা, অবাধ্য সূর্য)
- Why dost thou thus, (কেন তুমি এমন কর)
- Through windows, and through curtains call on us? (জানালা পর্দা ভেদি এলে কেন আমাদের ডাকো?)

- প্রেমিক-প্ৰেমিকার গোপন গৃহেও তার আলোক শিখা উকি-ঝুঁকি দেয়। কবি মনে করেন সূর্যের এটা বড়োই গর্হিত কাজ, এ কাজ ছাড়া সূর্যের কি আর কোন কাজ নেই? এ জগতে আছে কতো বিচার বুদ্ধিহীন হতভাগার দল, তাদের মাঝে আলোক শিখা বিতরণ করে তাদের উদ্দীপিত করার কথা বলেন তিনি। যেসব হতভাগার দল অন্ধকারে নিমজ্জিত, যেসব বালকেরা তাদের সময়কে মূল্য দেয় না (বিসিএস কোর্সিং এ ভর্তি হয়ে পড়াশোনা করেনা) তাদেরকে বকা দিতে বলেছেন।

# The Sun Rising

*"Love, all alike, no season knows, nor  
clime, nor hours, days, months, which  
are the rags of time."*

*John Donne*

TheFamousPeople.com


# The Sun Rising John Donne

---

“She's all states  
and all princess, I,  
Nothing else is.”



# A Valediction Forbidding Mourning



# A Valediction Forbidding Mourning

- এ কবিতাটি কবি তাঁর স্ত্রী এ্যানিমোরকে উদ্দেশ্য করে রচনা করেছেন। কবি কয়েক সপ্তাহের জন্য বেড়াতে গিয়েছিলেন ফ্রান্সে। তাঁর অনুপস্থিতিতে তাঁর পত্নী বিয়োগ ব্যথায় অসুস্থ হয়ে পড়েন। কবি তাঁর পত্নীকে সান্ত্বনা দিয়ে বলেন, আমাদের এই আলাদা হওয়ার বিষয়টিকে অধিক গুরুত্ব দিয়ে শোকবহ করে তুলো না। এটা আনন্দকে অপবিত্র করে দেবে। কবি বলেন, তার প্রেম এতোটাই খাঁটি যে তিনি দূরে সরে এলেও তাদের দুজনার প্রেম খাঁটি ও নিখাদ, সাময়িক এই দূরত্ব তাদের মাঝে কোনো সমস্যা সৃষ্টি করবে না, ঠোঁট আর হাতের স্পর্শ না পেলেও মনের ভেতরের আবেগ, ভালোবাসার কোনোরূপ ঘাটতি হবে না। যেহেতু দুজনের হৃদয় এক সে কারণেই দুজনের ভালোবাসায় কোনোরূপ ফাটল তৈরি হবে না।



If they be two, they are two so  
As stiff twin compasses are two;  
Thy soul, the fixed foot, makes no  
show  
To move, but doth, if the other  
do.

-A Valediction: Forbidding  
Mourning

কাছে থাকুন



গ্রামীণফোন

# Twicknam Garden -John Donne



‘Twickenham Garden’ by John Donne is a metaphysical poem that expresses the speaker’s anguish after being deceived by a lady in love.

- জন ডান এর "Twicknam Garden" কবিতাটি প্রেমের কবিতা হলেও এটিকে ভালোবাসার দীর্ঘশ্বাসও বলা যেতে পারে। কবি বাগানে এসেছেন বসন্ত খুঁজতে হতাশা আর বেদনার অশ্রুধারণ করে। কবি বলেন তিনি তাঁর হৃদয়ে বিশ্বাসঘাতক ভালোবাসা লালন করে এসেছেন, যা ঘন ঘন রূপ বদল করে। স্বর্গীয় বিষয়কে ভরে দেয় বিষাদে। কবি বলেন শীতকালই তাঁর জন্য ভালো ছিল, এটা হলে বরফে ঢেকে যেন বৃক্ষগুলো, যেগুলো আর কবির দিকে তাকিয়ে বিদ্রূপ করতে পারত না। কবি এখানে ভালোবাসার দ্বারা প্রত্যাখাত হয়ে বাগানে এসেছিলেন শান্তি খুঁজতে।


# The canonization

## *The Canonization*

For God's sake hold your tongue, and let me love,  
Or chide my palsy, or my gout,  
My five grey hairs, or ruined fortune flout;  
With wealth your state, your mind with arts improve,  
Take you a course, get you a place,  
Observe his Honor, or his Grace;  
Or the king's real, or his stamped face  
Contemplate; what you will, approve,  
So you will let me love.

Alas, alas, who's injured by my love?  
What merchant's ships have my sighs drowned?  
Who says my tears have overflowed his ground?  
When did my colds a forward spring remove?  
When did the heats which my veins fill  
Add one more to the plaguy bill?  
Soldiers find wars, and lawyers find out still  
Litigious men, which quarrels move,  
Though she and I do love.

- কবি জন ডান তাঁর “The Canonization” কবিতায় ভালোবাসার তরে একটি নিরিবিলি ক্ষণ কামনা করেছেন। তিনি জগতের কারো বিরক্তি উৎপাদন করে, কারো সমস্যা সৃষ্টি করে ভালোবাসার প্রকাশ ঘটাতে চান না। তিনি একান্তে নিরিবিলি তাঁর প্রিয়াকে ভালোবাসতে চান। তিনি অন্যদেরকে বলেন তোমরা তোমাদের অর্থবিত্ত নিয়ে সন্তুষ্ট থাকো শুধু আমাকে নিরিবিলি ভালোবাসতে দাও। মামলাবাজেরা করুক, সৈনিকেরা যুদ্ধ করুক, তাতে কবির কিছু যায় আসে না তিনি নীরবে তাঁর প্রেমিকাকে ভালোবেসে যাবেন। কবি বলেন, তোমরা আমাকে যা খুশি তাই বলো, আমার কিছু যায় আসে না, আমি আর আমার প্রেমিকার অবিচ্ছেদ্য বন্ধনে বাঁধা, আমরা ভালোবেসেই যাবো। যদি মরতে হয় এক সাথেই মরবেন কবি তাঁর প্রেমিকার সাথে।



*“For God's sake hold your tongue, and let  
me love”*

*John Donne*

TheFamousPeople.com

দোহাই তোদের, একটুকু  
চুপ কর।

ভালোবাসিবারে দে আমারে  
অবসর।”

রবীন্দ্রনাথ ঠাকুর।

শেষের কবিতা (অমিত)



Go & Catch a  
Falling Star:  
John Donne



- কবি জন ডান তাঁর “Go and Catch a Falling Star” কবিতায় একজন সৎ এবং নিষ্ঠাবান নারীকে অশ্বেষণ করেছেন। কবি বলেছেন, তোমাকে সারাজীবন অশ্বেষণ করার সুযোগ দিলাম, সারা বিশ্ব পরিভ্রমণ করে একজন সৎ রমণীর সন্ধান আমাকে এনে দাও। কবি বলেছেন এমন রমণীর সন্ধান লাভ করা সত্যিই কঠিন। যদি এমন নারী খুঁজে পাও, তার মাঝে কিছুটা ত্রুটির ছোঁয়া অবশ্যই থাকবে। যদিও কোনো নারী বিশ্বস্ত থাকে, তবে দেখা যাবে, সে কোনো না কোনো সময় কোনো কারণে অবিশ্বস্ততার কর্ম করে বসেছে। একজনের প্রতি নিষ্ঠাবান থাকার পরও সে প্রেমিকের অনুপস্থিতির কারণে সে অন্য জনকে বিলিয়ে দিতে পারে তাঁর প্রেম।

# Batter my heart



John Donne

Batter my heart, three-personed  
God, for you As yet but knock;  
breathe, shine, and seek to  
mend; That I may rise, and  
stand, o'erthrow me, and bend  
Your force to break, blow, burn,  
and make me new.

AZ QUOTES

# Batter my heart

কবি এখানে মহান ঈশ্বরের কাছে আবেদন করেছেন, তিনি যেন তাঁর ভেতরের সকল পঙ্কিলতা আঘাত করে দূর করে দেন। কবির হৃদয়ে ঠাঁই নিয়েছে অশুভ শয়তান, এই শয়তানের কবল হতে নিজেকে মুক্ত করতে চান কবি। কবি মনে করেন মহান ঈশ্বরের স্পর্শ পেলেই সকল অশুভ দিকগুলো পালিয়ে যাবে। কবি চান কোনো ন্যায়পরায়ণ শাসক এসে যেন এই শহরের দখল নিয়ে কবিকে অশুভ বিষয় হতে মুক্ত করেন। কবি এখানে ন্যায়পরায়ণ শাসক বলতে ঈশ্বরের আগমনকেই কামনা করেছেন।



# Death be not proud



## Death Be Not Proud

Death be not proud, though some have called thee  
Mighty and dreadfull, for, thou art not soe,  
For, those, whom thou think'st, thou dost overthrow,  
Die not, poore death, nor yet canst thou kill mee,  
From rest and sleepe, which but thy pictures bee,  
Much pleasure, then from thee, much more must flow,  
And soonest our best men with thee doe goe,  
Rest of their bones, and soules deliverie,  
Thou art slave to Fate, Chance, kings, and desperate  
men,  
And dost with poyson, warre, and sicknesse dwell,  
And poppie, or charmes can make us sleepe as well,  
And better then thy stroake; why swell'st thou then?  
One short sleepe past, wee wake eternally,  
And death shall be no more; death, thou shalt die.

John Donne

# Death Be Not Proud

- কবি এখানে মৃত্যুর প্রসঙ্গ টেনে বলেছেন; মৃত্যু অতোটা ভয়াল আর শক্তিমান নয়। কবি মনে করেন মৃত্যু এসে কখনোই অনন্ত জীবনকে ধ্বংস করতে পারে না। কবির মতে, মৃত্যু হচ্ছে স্বল্পকালীন কবর গৃহের নিদ্রা মাত্র, কিন্তু সামনে পড়ে আছে অনন্ত স্বর্গীয় জীবন। কবি মনে করেন, মৃত্যু আসলে দেহের কারাগার হতে আত্মাকে মুক্ত করে, আত্মা মিলে যায় অনন্ত জীবন যাত্রায়, এ কারণে পুণ্যবান যুবারা অকালেই প্রাণ ত্যাগ করে। মৃত্যুর দরোজায় রাজা, ক্রীতদাস, অভাজন সবাই সমান। বিষের দাহ, আফিমের নেশায় মরণের কোলে ঢলে পড়ার চাইতে এই মৃত্যুকেই কবি স্বাগত জানিয়েছেন।

The Good  
Morrow



# The Good Morrow

- এটি মূলত অশরীরী প্রেমের কবিতা। কবি কবিতাটির প্রথমেই কৈশোরকালের অবুঝ ভালোবাসার কথা বলেছেন যা কিনা মাতৃস্তন পানরত শিশুর মতো কিংবা ইফেসাস রাজ্যের গুহায় ঘুমন্ত সাতভাই-এর মতো।
- দ্বিতীয় পর্বে কবি পরম আত্মবিশ্বাসের সাথে পরিপক্ব ভালোবাসাকে স্বাগত জানিয়েছেন। কারণ ভালোবাসা হওয়ার পর প্রেমিক প্রেমিকার চিত্তে কোনো ভয় থাকে না। যদিও তাঁরা আলাদা ভুবনে বাস করেন, তাঁরা মিলিত হয়ে একটি নতুন জগৎ সৃজন করতে পারেন এবং একটি কক্ষকে রূপান্তর করতে পারেন মহাবিশ্বে। মৃত্যুর পরও ভালোবাসা অমর থাকবে। কোনো কিছুই তাদের ভালোবাসাকে নষ্ট করতে পারবে না।

“For love all love of  
other sights controls  
and makes one little

room an  
everywhere.”

-The Good Morrow





“If our two loves  
be one or thou  
and I love so alike  
that none do  
slacken none can  
die.”

-The Good  
Morrow

# Quotes

Love alike, no season knows, nor claims, no hours, days, month.

(The sun rising)

She's all states and all princess, I, Nothing else is. (The sun rising)

For God's sake, hold your tongue and let me love. (The canonization)

Ben Jonson

---

2<sup>nd</sup> Most  
important  
dramatist



Ben

Jonson

- Father of English realistic comedy
- Comedy of humor

In 1616

Shakespeare  
Died

Jonson was made  
poet laureate.

## Comedy of Humours

**Ben Jonson** is the first dramatist who conceived and popularized this dramatic genre during the **late sixteenth century**. The term humor derives from the Latin word **humor**, which means "liquid." It comes from a theory that **the human body has four liquids, or humors**, which include **phlegm, blood, yellow bile, and black bile**. When properly balanced, these humours were thought to give the individual a healthy mind in a healthy body.

Excess of different fluids have different effects on the human-

- **The Humor of Blood** makes a man excessively optimistic even without the slightest chance of hope or success.
- **Phlegm** makes one excessively clam.
- **Choler or Yellow Bile** makes one highly ill-tempered.
- **Black Bile** makes one excessively melancholy.

**The case is altered:**

*Ben Jonson 1573?-1637 Carpenter Frederic  
Ives 1861- [from old catalog] ed.*

The case is altered:  
Jonson's first play.



# Jonson Plays

S= The silent woman

A= Alchemist

V= Volpone

E=Every man in his humor




VOLPONE  
OR, THE FOX  
BEN JONSON

- নাটকটির প্রধান চরিত্র তলপোনি। ভলপোনি একজন ধনী, নিঃসন্তান ব্যক্তি। ভলপোনি তার সম্পত্তির শিকারীদের আকৃষ্ট করার জন্য প্রচার করল যে, সে মরণাপন। এই শিকারীরা তার সম্পত্তির উত্তরাধিকারীদের অন্তর্ভুক্ত হবার আশায় তাকে মূল্যবান উপহার দিচ্ছে। আর এ প্রতারণার চালটি চালে ভলপোনির অনুচর মসকা। ভলপোনি স্বর্গকে যেকোনো জিনিসের চেয়ে বেশি ভালোবাসেন। সে সোনাকে সূর্যের চেয়েও বেশি দাম দেয়। এবং এটিকে বিশ্বের কেন্দ্র বলে মনে করেন। তিনি স্বর্গকে Dump God এর সাথে তুলনা করেছেন। তার কাছে স্বর্গ সম্মান, খ্যাতি এবং যেকোনো জিনিসের মূল উৎস

# Corvino & Volpone





Another masterpiece  
of Jonson


# THE ALCHEMIST





BEN JONSON

## Comedy

- The Alchemist by Jonson is a comedy.
- তীব্র অর্থ লালসার কারণে চিত্র বর্ণিত হয়েছে।

- 
- Who wrote the world best seller novel 'Alchemist'?





"A woman, the more curious she is about her face, is commonly the more careless about her house."

Ben Jonson

# John Webster

---


- Declared himself as the heir to Shakespeare at the globe theatre.



- John Webster কে বলা হয় “A master poet in the realm of horrible.”
- তাঁর বিখ্যাত সাহিত্যকর্ম হলো: The White Devil, The Devil's Law Case এবং The Duchess of Malfi (Revenge Play).

# A Comdey

---





The White Devil: A Revenge Play by John Webster

EXAMPLES OF CAVALIER POETRY



Caroline Age

1625-1649

- Renaissance যুগের অন্যতম ক্ষুদ্র একটি যুগের নাম Caroline Age. প্রথম জেমস এর মৃত্যুর পর তার বড় ছেলে রাজা প্রথম চার্লস ১৬২৬ সালে সিংহাসনে বসেন এবং তাঁর নামানুসারেই এ যুগের নামকরণ করা হয়। তিনি ১৬২৫ থেকে ১৬৪৯ খ্রি. পর্যন্ত ইংল্যান্ডের রাজত্ব করেন। ক্যারোলিন শব্দটি এসেছে চার্লসের (Charles) ল্যাটিন রূপ ক্যারোলাস (Carolus) থেকে তাই এ যুগের নাম ক্যারোলিন এজ। রাজনৈতিকভাবে সময়টা একটা বিক্ষুব্ধ সময়। এ যুগ হচ্ছে ইংল্যান্ডের জন্য সবচেয়ে দ্বন্দ্বমুখর সময়, গৃহযুদ্ধের সময়।

- প্রথম চার্লস এর রাজত্বকালে (১৬৪২-১৬৪৯) ইংল্যান্ডে গৃহযুদ্ধ চলে। দ্বিধাবিভক্ত জাতির সাহিত্য ও কবিতাতেও বিভেদ দেখা দেয়। রাজার পক্ষকে বলা হতো ক্যাভালিয়ার্স (Cavaliers supporter of king).
- আর সংসদ বা পার্লামেন্টের পক্ষকে বলা হতো রাউন্ডহেডস (Round Heads-supporter of Parliament).
- এই যুদ্ধে ক্যাভেলিয়াররা পরাজিত হয় এবং ১৬৪৯ সালের ৩০ শে জানুয়ারি রাজা প্রথম চার্লস কে ধরে জনসম্মুখে তার শিরশ্ছেদ করা হয়।

# King Charles-I (1625-1649)





# Beheading of Charles-I

Poets of Caroline  
Age (Charles I)

Robert Herrick

Thomas Carew

John Suckling &  
Richard Lovelace

# CAVALIER POETS

- ❖ Famous Poets:

- ❖ Ben Jonson

- ❖ Robert Herrick

- ❖ Sir John Suckling

- ❖ Supporters of Charles I  
(Royalists)

- ❖ Light in style

- ❖ Secular in subject

- ❖ "carpe diem"

Carpe Diem

আজকের জন্য বেঁচে থাকুন



Robert  
Herrick:  
A True  
Cavalier Poet

বাংলা

# To Daffodils

Robert Herrick



# To Daffodils

## Theme:

the short-lived nature of life, the fleeting passage of time.

like the flowers we humans have a very short life in this world.

beauty is not going to stay forever.




- ড্যাফোডিল' কবিতায় কবি সুন্দর ড্যাফোডিল ফুলের ক্ষণস্থায়ী জীবনের জন্য দুঃখ প্রকাশ করেছেন। ড্যাফোডিল ফুলের স্থায়ীত্বকাল সকালের সূর্যের মতোই ক্ষণস্থায়ী। তাই কবি ড্যাফোডিল ফুলকে অনুরোধ করেছেন সন্ধ্যা পর্যন্ত বেঁচে থাকতে, যাতে তাঁরা একত্রে সন্ধ্যাকালীন প্রার্থনায় অংশগ্রহণ করতে পারেন। কবি আরো বলেছেন, এ পৃথিবীতে মানব জীবনও ড্যাফোডিল ফুলের মতো ক্ষণস্থায়ী। মানুষের জীবনের সর্বোৎকৃষ্ট সময় হলো যৌবন যা বসন্তকালের মতো ক্ষণস্থায়ী। মানুষ ও ড্যাফোডিল ফুলের ক্ষণস্থায়ী জীবন যেন গ্রীষ্মের এক পশলা বৃষ্টি এবং ভোরের শিশির, যা কখনোই দীর্ঘস্থায়ী হয় না।

## To Daffodils কবিতার বিষয়বস্তু: Short living of human life.

- Human beings এবং Daffodil কে কবি Summer's rain এবং morning dew's এর সাথে তুলনা করেছেন।
- To Daffodils কবিতার Mood হলো sorrowful. কবিতায় Daffodil ফুলের সাথে man's life এর তুলনা করা হয়েছে।
- কবিতায় Hasting day মানে hurriedly passing day.
- Eve song means evening song. কবি Daffodil ফুলকে প্রস্তাব করেছিলেন সন্ধ্যা প্রার্থনা (Evening) পর্যন্ত থাকতে।
- Spring means Youth.

Another  
work by  
Herrick



# A Religious Poet

Analysis



George Herbert

“

Living well  
is the best revenge

”



# EASTER WINGS

George Herbert





PENGUIN CLASSICS

GEORGE HERBERT  
*The Complete English Poems*


- কবি জর্জ হার্বার্ট তাঁর 'Easter Wing' কবিতায় যিশুর পুনরুত্থানের দিকটিকে মনে রেখে এ কবিতা রচনা করেছেন। কবি বলেন মহান ঈশ্বর মানব সৃষ্টি করেছেন সকল প্রাচুর্যসহকারে কিন্তু মানবকুল তা দূরে ঠেলে ফেলেছে বুদ্ধির ভুলে। কবি শোকাকুল চিন্তে জানান, মানব ঈশ্বরের এই করুণা দ্বারা দূরে ঠেলে দিতে শেষ পর্যায়ে এসে দারিদ্রের চরম সীমায় উপনীত হয়েছে, নানা শোক, তাপ, পাপের বেদনার গ্লানি বহিতে হচ্ছে তাকে। কবি অনুতপ্ত হয়ে প্রার্থনা করে ঈশ্বরের কাছে অনুরোধ জানান তাঁর নতুন করে জাগরণ ঘটানোর, কবি বলেন এই জাগরণের মধ্য দিয়ে তাঁর মাঝে ধ্বনিত হোক পুনরুত্থান দিবসের সঙ্গীত। আর কবি এটাও বলেন যে, এমনটি ঘটায় পর তিনি প্রভুর দয়ায় উড়ে যাবেন স্বর্গলোকে।

The Collar  
by George  
Herbert



## The Collar কবিতার সারমর্ম:

- এই কবিতার শিরোনাম গলাবন্ধনী। এই গলাবন্ধনী এখানে রূপক হিসেবে ব্যবহৃত হয়েছে। গলাবন্ধনী দ্বারা কবি মানুষের শৃঙ্খলিত রূপকে দেখিয়েছেন। মানবাত্মা বের হওয়ার পথে নানা সাংসারিক বাধা-বিপত্তি এসে পথ রোধ করে দাঁড়ায়। সংসার যেন তাকে এক খাঁচায় আবদ্ধ করে রেখেছে, যে খাঁচার বন্ধন হতে তিনি মুক্ত হতে চান। কবি বলেন, তার আছে এক স্বাধীন সত্ত্বা, তিনি কেন এমন বন্দী দশায় আটকে থেকে সারাজীবন হতাশার দীর্ঘশ্বাস দ্বারা চারপাশ ভারি করে তুলবেন। কবি মনে করেন তার সামনে আছে বের হওয়ার খোলা পথ, তার আত্মা পুরোই স্বাধীন, কেউ তাকে আটকে রাখতে পারবে না, জীবনটা তার একেবারে খোলামেলা রাস্তার মতো।




## Commonwealth Interregnum (1649 -1660)

---

- Period b/w execution of Charles I in 1649 and the restoration of the monarchy under Charles II in 1660, during which England was ruled by Parliament under control of the Puritan leader Oliver Cromwell, whose death in 1658 marked the beginning of the end of the Commonwealth.
  - Famous authors/works: Milton with his political pamphlets, Hobbe's *Levethian* (1651), Taylor's *Holy Dying and Holy Living* (1650, 1651), Walton's *The Compleat Angler* (1653), Thomas Browne, Thomas Fuller, Dryden and his poetry, Marvell.
  - Drama continued. Davenant's *The Siege of Rhodes* (1656)
-

## The commonwealth Period

- "The end of knowledge is power" quoted by Thomas Hobbes





John Milton

- born on December 9, 1608 in Bread Street, Cheapside, London, England.
- son of John Milton Sr. and Sarah Milton
- Historian, Poet, Journalist
- English, Latin, French, German, Greek, Hebrew, Italian, Spanish, Aramaic, Syriac

# John Milton

- Epic Poet (বিখ্যাত মহাকবি) (বাংলার মিল্টন বলা হয় হেমচন্দ্রকে)
- Blind Poet.
- Great master of verse.
- তাঁকে রেনেসা যুগের সর্বশেষ মহাকবিও বলা হয়।


Milton

- Master of  
Blank  
Verse


# Milton's First Published Poem

## *On Shakespeare.*


*What needs my Shakespear for his honour'd Bones,  
The labour of an age in piled Stones,  
Or that his hollow'd reliques should be hid  
Under a Star-appearing Tyrant's  
Vault: yet of memory, great heir of Fame,  
What need'st thou such weak waives of thy name?  
Thou in our wonder and astonishment  
Hast built thy self a live-long Monument,  
For whilst to the shame of slow-endeavouring art,  
Thy verse numbers flow, and that each heart  
Hath from the Centre of thy vaulted Breast,  
Thine Delyphick lines with deep impression took,  
Thou thus our fancy of it self bereaving,  
Dost make us Marble with too much conceiving;  
And so Sepulcher'd in such pomp dost lie,  
That Kings for such a Tomb would wish to die.*

 John Milton

Epics: অক্ষ অবস্থায় লেখেন।



# Character Map of Paradise Lost



Theme of  
Paradise Lost

- Justify the  
ways of God  
to Men

Speech of  
Satan  
(Paradise  
Lost)



PARADISE  
REGAIN'D,  
A  
POEM.

In IV BOOKS.

To which is added

*SAMSON AGONISTES.*

---

The Author

JOHN MILTON.

---

LONDON,

Printed by J. M. for John Sturday at the  
Mitre in Fleetstreet, near Temple-Bar. a  
MDCLXI.


Samson

Agonistes:

A Noble

Drama by


Milton



# ‘স্যামসন আগোনিস্টিস’ (Samson Agonistes)

- এই কাব্য গ্রন্থটি কবির শেষ রচনা। নাট্যকাব্যটিতে কবির নিজের ছায়া পড়েছে। ইসরায়েলের বীর নেতা স্যামসন অন্ধ ও অসহায় হয়ে ফিলিস্তিনিদের দাসত্ব স্বীকার করতে বাধ্য হয়েছিলেন। এই প্যালেস্টাইনের প্রভুদের আনন্দ দানের জন্য অন্ধ স্যামসনকে প্রমোদ স্থলে নিয়ে আসা হয়। স্যামসন সেই প্রমোদ প্রাসাদের স্তম্ভ বিচ্যুত করেন। ফলে প্রাসাদের ছাদ ভেঙ্গে পড়ে এবং উপস্থিত দর্শক-প্রভুদের মৃত্যু ঘটে। গ্রীক ট্রাজেডির ধরনের লিখিত এই নাট্যকাব্যে অন্ধ স্যামসনের চরিত্র নির্মাণে কবির আপন জীবনের প্রক্ষেপণ ঘটেছে। স্যামসনের মতোই মিল্টন জীবনযুদ্ধে পড়াজিত, আশাভঙ্গে নিরুৎসাহ, রোমান্টিক কবির মতই বিষাদগ্রস্ত অথচ ক্লাসিক কবির মতই আদর্শে অবিচল।

## Elegy



কবির বন্ধু Edward King এর মৃত্যু নিয়ে লেখা।

*“The childhood shows the man, As  
morning shows the day.”*

*John Milton*

# Sonnet

## 19: On His Blindness

When I consider how my light is spent,  
Ere half my days, in this dark world and wide,  
and that one talent which is death to hide  
Lodged with me useless, though my soul more bent  
To serve therewith my Maker, and present  
My true account, lest he returning chide,  
"Doth God exact day-labour, light denied"?  
I fondly ask; but Patience to prevent  
That murmur, soon replies, "God doth not need  
Either man's work or his own gifts; who best  
Bear his mild yoke, they serve him best. His state  
Is kingly: thousands at his bidding speed  
And post o'er land and ocean without rest:  
They also serve who only stand and wait."

# O Nightingale: Milton's Poem

O nightingale, that on yon  
bloomy spray warblest at  
eve, when all the woods are  
still; Thou with fresh hope  
the lover's heart dost fill,  
While the jolly hours lead  
on propitious May.

John Milton

[www.jdfehearts.com](http://www.jdfehearts.com)

# Prose



Andrew Marvell:  
Another  
Metaphysical Poet

## Poems:

- To his Coy Mistress
- The definition of love
- The garden

**"To His Coy Mistress"  
by Andrew Marvell**



## To his Coy Mistress

- কবিতায় প্রেমিক তার প্রেমিকাকে আহ্বান করেছে। প্রেমিকের মতে, যদি তাদের যথেষ্ট পরিসর ও সময় থাকত তবে তার প্রেমিকার লজ্জাশীলতায় সে কিছু মনে করতো না।
- "Had we but would enough, and time This coyness lady were no crime."
- যদি তাদের বিন্যাসে বা মিলনে যথেষ্ট সময় থাকতো তবে সে তার প্রিয়তমাকে মহাপ্লাবনের দশ বছর আগে থেকে ভালোবাসা শুরু করত। কিন্তু সময় খুব সংক্ষিপ্ত হবার দরুণ কবি আক্ষেপ করে বলেন, "But of my back I always hear

Times winged chariot hurrying near;

# To his Coy Mistress

- সৌন্দর্যও ক্ষণস্থায়ী। একদিন তাদের কবরে যেতে হবে। কবি মনে করেন তাঁর প্রেমিকার রূপটি হয়তো তিনি আর দেখতে পাবেন না কারণ কবির মৃত্যুর পর প্রেমিকার রূপের চিত্র তাঁর কবরে প্রবেশ করবে না, দেহ হবে ছাইভস্ম, যে দেহকে আর আলিঙ্গন করা সম্ভব হবে না। কবি এ কারণে প্রিয়ার সাথে কিছুটা সময় খেলা করতে চান, কবি জানেন এই সময় তার স্থির থাকবে না, একদিন এ শরীর ছাইভস্মে রূপ নেবে।



# The Definition of Love: Andrew Marvell



# The Definition of Love

- এখানে কবি শারীরিক ভালোবাসাকে প্রাধান্য না দিয়ে আধ্যাত্মিক ভালোবাসার উপর গুরুত্ব প্রদান করেছেন। ভালোবাসাকে তিনি স্বর্গীয় বিষয় বলে মনে করেন, এ ভালোবাসায় আছে অনন্ত চিরতৃষ্ণা আর হতাশার মিশ্রণ। কবি বলেন নিয়তি এমনই কঠিন আর নির্মম যে, কবি আর তাঁর প্রেমিকাকে দু মেরুতে রেখেছে, দুজনকে মিলতে দেয় না কখনো। কবি বলেন, তিনি আর তাঁর প্রেমিকা মিলতে পারবেন যদি এই পৃথিবীটা কখনো সমতল ক্ষেত্রে পরিণত হয়। বাঁকা রেখা তো যে কোনো স্থানে মিলতে পারে কিন্তু কবি এবং তাঁর প্রেমিকা দুজনে দুটি সরল রেখায় অবস্থান করছেন এজন্য মিলতে পারছেন না। বক্ররেখা দ্বারা কবি শারীরিক প্রেমের কথা বলেছেন আর সকল রেখা প্রতীকে তিনি বলেছেন আধ্যাত্মিক প্রেমের কথা।

Thank You